



তাৰিখ 16 OCT 1986

পঠা...

কলাম 2

সারাদেশে শাস্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠিত

এরশাদ বিপুলভোটে অগ্রগামী

গতকাল সারাদেশে শাস্তিপূর্ণভাবে
প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।
তথ্য বিবরণীর উদ্ধৃতি দিয়ে গতকাল
বাসস জানায়, সকাল ৮টা থেকে
বিকেল ৫টা পর্যন্ত বিপুলসংখ্যক
লোক তাদের ভোট প্রদান করে।
বালুরচর ও ফকিরচর ছাড়া সর্বত্র
সুস্থভাবে নির্বাচন সম্পন্ন হয়। এ দুটি
কেন্দ্রে ভোট প্রহণ স্থগিত রাখা
হয়েছে।

তথ্য বিবরণীতে বলা হয়, ঢাকায় বেশ
কিছু বোমা বিস্ফোরিত হয়। অধিকাংশ
বিস্ফোরণই ঢাকা বিশ্ববিদ্যালয়ের
নিকটবর্তী নীলক্ষেত্র, পলাশী, কাটাবন
ও চানখারপুর এলাকায় ঘটে। এর
ফলে ১৪ জন পুলিশ ও ২ জন
সাধারণ লোক আহত হয়। পুলিশ ১৪
শেষ পঃ ৬-এর কং দেখুন

|| স্টাফ রিপোর্টার ||

গতকাল অনুষ্ঠিত দেশের তৃতীয় প্রেসিডেন্ট নির্বাচনের সর্বশেষ প্রাপ্ত ফলাফলে দেখা যায়, জাতীয় পার্টির
মনোনীত প্রার্থী জনাব হুসেইন মুহম্মদ এরশাদ তার নিকটতম প্রতিদ্বন্দ্বী থেকে বিপুল ভোটে অগ্রগামী রয়েছেন।

ক্রমিক নংপ্রার্থীদের নাম

ঢাকা বিভাগ চট্টগ্রাম রাজশাহী খুলনা বিভাগ

	বিভাগ	চট্টগ্রাম	রাজশাহী	খুলনা	বিভাগ
মোট ভোট কেন্দ্র	৬,৯৭২	৫,৯৮৮	৫,৮৮২	৪,৬২৬	
প্রাপ্ত ফলাফলের ফলাফল	৩২২	২৩১	৪২৫	১৯৬	
১ অলিউল ইসলাম: চৌধুরী সকু মির্যা	১,৪২০	১,৯১৬	১,৩৬৮	৬২১	
২ আলহাজ মাওলানা খায়রুল ইসলাম যশোরী	১,১৪৭	৭৭৯	১,৪৮৫	১,৬৭৯	
৩ আলহাজ মেজর (অবঃ) মোঃ আফসার	১,১৯০	৭৯৭	১,৫০১	২,১০০	
উদ্দিন					
৪ মোঃ আনসার আলী	১,৪৭৮	১,১২৮	১,৬৪০	৮৮৩	
৫ মোহাম্মদ উল্লাহ হাফেজু হজুর	২১,৩৭৯	১১,৬৫৮	১৫,৭৮২	১০,৯২০	
৬ মোঃ খলিলুর রহমান মজুমদার	১,৫৩২	১,৫৭৬	১,৪৬২	৭৯০	
৭ মোঃ আব্দুস সামাদ	১,২৮২	১,০৩৮	২,৯৬৮	৮০১	
৮ মোঃ জহীর খান	৫,৫৩৪	৪,৪৫১	৭,৩৩৭	২,৩৯৭	
৯ লেং কং (অবঃ) সৈয়দ ফারুক রহমান	১৪,০০৯	১৪,৩৫৯	১৯,০৩০	৯,৩৯১	
১০ সৈয়দ মুনিরুল হৃদা চৌধুরী	১,২২৫	৯৭৩	১,২০৭	৭০৮	
১১ ক্ষোয়াত্তন লীডার (অবঃ) মোয়াজ্জম হোসেন চৌধুরী	২,২৫৯	১,৯১১	২,৪৪৫	১,০৬৭	
১২ হুসেইন মুহম্মদ এরশাদ	৩,৫৫,৩৪০	২,২৮,২৮২	৪,২৬,৩৩৯	২,১৫,৫৭৬	

নির্বাচন অনুষ্ঠিত

প্রথম পৃষ্ঠার পর
ব্যক্তিতে গ্রেফতার করে।
চট্টগ্রামে দুটি বিস্ফোরণ ঘটে। তবে
এতে কেউ আহত হয়নি। এক
ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে।
খুলনাতে একটি দুর্ঘটনায় এক ব্যক্তি
আহত হয়।

তিনটি ভোট কেন্দ্রে সাময়িকভাবে
ভোট প্রহণ স্থগিত রেখে পরে আবার
শুরু হয়। এগুলো হলো ময়মনসিংহের
ত্রিলাল, দুমচান্দা প্রাথমিক বিদ্যালয়
কেন্দ্র ও ফেনী জেলার মোনাগাজী
উপজেলায় মোনাগাজী কেন্দ্র।

মোনাগাজী কেন্দ্রে ব্যালট বাক্স
ছিনতাইকালে পুলিশ ৪ রাইফেল গুলী
বর্ষণ করে। ব্যালট বাক্সগুলো উদ্ধার
করা হয়। এ ঘটনায় কেউ হতাহত
হয়নি।

ফেনী জেলার মোনারচের পুলিশের
কাছ থেকে ২টি রাইফেল ছিনিয়ে
নেয়া হয়। পুলিশ ২ রাইফেল গুলী বর্ষণ
করে। ছিনিয়ে নেয়া রাইফেল দুটি
উদ্ধার করা হয়। এ ঘটনায় কেউ
হতাহত হয়নি বলে তথ্য বিবরণীতে
উল্লেখ করা হয়।